

Times Today BD

আজিজুল ইসলাম বারী | দেশজুড়ে | 11 July, 2025

লালমনিরহাটের হাতীবান্ধায় ঋণের টাকার চাপ সামলাতে না পেরে ২ বছরের কন্যা সন্তানকে বিক্রির চেষ্টা করে তার বাবা হাবিবুর রহমান।

গতকাল বৃহস্পতিবার (১০ জুলাই) এ চাঞ্চল্যকর ঘটনাটি ঘটে উপজেলার সিন্দূর্না ইউনিয়নের চর সিন্দূর্না গ্রামের ২ নং ওয়ার্ডে।

ওই কন্যা সন্তানের বাবা হাবিবুর রহমান জানায়, অভাবের সংসার। সামান্য জমি জমা বর্গা নিয়ে চাষাবাদ করি। গত মৌসুমে ভুট্টা, পিঁয়াজ ও বাদাম চাষাবাদের জন্য ৩ সুদের কারবারি ও একজন বন্ধুর নিকট ৩ লক্ষাধিক টাকা সুদ হিসেবে গ্রহণ করি। ফসল বিক্রি করে লক্ষাধিক টাকা পরিশোধ করার পরও সুদসহ আরো ৪ লক্ষাধিক টাকা সুদারুঁরা পায়। প্রতিদিন ওই টাকার চাপে দিশেহারা হয়ে পড়ি। কোনখানে কোন টাকা জোগাড় করার উপায় নেই। বাধ্য হয়ে বিভিন্ন মাধ্যমে ২ বছরের কন্যা সন্তান বিক্রির সিদ্ধান্ত নিতে বাধ্য হই। খবর পেয়ে বিভিন্ন এলাকা থেকে বেশ কয়েকজন আমার বাড়ি শিশু সন্তানটিকে নেয়ার জন্য আসে। এ বিষয়টি আমার স্ত্রীর কানে আসলে সে শিশু মেয়েটিকে বিক্রি করবে না। নিজের কাছে রাখতে কান্নাকাটি শুরু করলে স্থানীয় লোকজন আমার বাড়িতে আসলে এবং বাঁধা দিলে, আমি আর বিক্রি করতে পারি নাই।

ওই এলাকার মোজাম্মেল হোসেন নামের এক ব্যক্তি বলেন, ঋণের টাকা পরিশোধে নিজের কন্যা সন্তান বিক্রির করার চেষ্টা করে। তার স্ত্রীর কান্নাকাটিতে আমরা তার বাড়িতে এসে বিষয়টি জানতে পারি। আমাদের বাঁধায় ওই কন্যা সন্তানটিকে বিক্রি করতে পারেনি।

শিশুটির মা নুরনাহার বলেন, ঋণের চাপে স্বামী আমার বাচ্চা বিক্রি করার চেষ্টা করে। কিন্তু কোনভাবে আমার সন্তানকে বিক্রি করতে দেবো না।

বিষয়টি নিয়ে সিন্দুর্না ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এ্যাডভোকেট আরিফুল ইসলাম জানান, খবর পেয়ে স্থানীয় ইউপি সদস্যকে পাঠিয়ে ভুক্তভোগী পরিবারকে পরিষদে ডেকে নিয়ে আসি। পাওনাদারদের সঙ্গে বসে এ বিষয়ে মিমাংসা করে দেয়ার আশ্বাস দিয়েছি। পাশাপাশি হাবিবুর রহমানের স্ত্রীর নামে ভিজিডির কার্ড করে দিয়েছি।

লালমনিরহাট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 July, 2025 16:29

URL: <https://timestodaybd.com/across-the-country/9484304585>